রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুন ২০, ২০১৯

## ২য় খণ্ড

### প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলি ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ।

**রাষ্ট্রপতির কার্যালয়**
**আপন বিভাগ**
**প্রশাসন শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৯ বৈশাখ ১৪২৬/০২ মে ২০১৯

নং **০২.০০.০০০০.০০৭.৩৬.৩১০.১৫.৫৭৫**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের উর্ধ্বতন নিয়োগ-১ অধিশাখার ২৯ এপ্রিল ২০১৯ তারিখের ০৫.০০.০০০০.১৩০.১২.০০২.১৮-৩১০ নম্বর প্রজ্ঞাপন এর মাধ্যমে আপন বিভাগে কর্মরত জনাব মোঃ ওয়াহিদুল ইসলাম খান (৫২৩৫), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (অতিরিক্ত সচিব), জনপ্রশাসন মন্ত্রণালয়, রাষ্টপতির কার্যালয়ে সংযুক্তকে রাষ্ট্রপতির কার্যালয়, জন বিভাগে অতিরিক্ত সচিব হিসাবে বদলি করায় উক্ত কর্মকর্তাকে ০২ মে ২০১৯ তারিখ অপরাহ্নে এ বিভাগ হতে অবমুক্ত করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ আলম হোসেন**
সিনিয়র সহকারী সচিব।

---

**প্রধানমন্ত্রীর কার্যালয়**

**অফিস আদেশাবলি**

তারিখ: ১৭ চৈত্র ১৪২৫ ব./৩১ মার্চ ২০১৯ খ্রি.

**নং** **০৩.০৮.২৬৯০.০৬৯.১৯.০০৮.১৭-২৩৯**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৩ জানুয়ারি ২০১৯ তারিখের ০৫.০০.০০০০.১৩২. ১৯.০০১.১৭.১৩ নং প্রজ্ঞাপন এবং ৩১ জানুয়ারি ২০১৯ তারিখের ০৫.০০.০০০০.১৩২.১৯.০১৪.১৭.১৩৬ নং প্রজ্ঞাপনমূলে ড. নবী মারুফ আশরাফ (৮০৫৫), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (উপসচিব), জনপ্রশাসন মন্ত্রণালয়কে বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষে কাজ করার জন্য প্রধানমন্ত্রীর কার্যালয়ে সংযুক্তিতে নিয়োগ করা হয়েছে। এ প্রেক্ষিতে তিনি ০৬-০১-২০১৯ তারিখ এ কার্যালয়ে যোগদান করেছেন।

২। বর্ণিতাবস্থায়, পুনরাদেশ না দেয়া পর্যন্ত ড. নবী মারুফ আশরাফ (৮০৫৫), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (উপসচিব), জনপ্রশাসন মন্ত্রণায়লকে বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষে কাজ করার জন্য নিয়োগ করা হলো। জনস্বার্থে জারীকৃত এ আদেশ ০৬-০১-২০১৯ তারিখ হতে কার্যকর হবে।

নং **০৩.০৮.২৬৯০.০৬৯.১১.০০২.১৯-২৪০**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৩ জানুয়ারি ২০১৯ তারিখের ০৫.০০.০০০০.১৩২. ১৯.০০৪.১৭.৭৪ নং প্রজ্ঞাপন এবং ২৯ জানুয়ারি ২০১৯ তারিখের ০৫.০০.০০০০.১৩২.১৯.০০৪.১৭.১০৮ নং প্রজ্ঞাপনমূলে নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে (সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব) পদে বদলিপূর্বক বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষে (বিডা) কাজ করার জন্য প্রধানমন্ত্রীর কার্যালয়ে সংযুক্তিতে নিয়োগ করা হয়েছে। এ প্রেক্ষিতে বদলিকৃত কর্মকর্তাগণ তাদের নামের পার্শ্বে উল্লিখিত তারিখে যোগদান করেছেন:

| ক্রম | কর্মকর্তার নাম, পরিচিতি নম্বর, পদবি ও বর্তমান কর্মস্থল | যোগদানের তারিখ |
|---|---|---|
| ১। | বেগম নুসরাত জাহান (১৭০২২) সিনিয়র সহকারী কমিশনার, বিভাগীয় কশিনারের কার্যালয়, ময়মনসিংহ। | ০৪-০২-২০১৯ |
| ২। | জনাব মোহাম্মদ ওয়াসিকুল ইসলাম (১৭৫১৭), সহকারী কমিশনার (ভূমি), বোয়ালমারী, ফরিদপুর। | ০৪-০২-২০১৯ |
| ৩। | জনাব মোহাম্মদ আলী সিদ্দিক (১৭৫৮০), সহকারী কমিশনার (ভূমি), মোংলা, বাগেরহাট। | ০৪-০২-২০১৯ |
| ৪। | জনাব শামীম ভূইয়া (১৭৩৫৩) সহকারী কমিশনার (ভূমি), নাটোর সদর, নাটোর। | ০৪-০২-২০১৯ |
| ৫। | বেগম মামুদা খাতুন (১৭৮১৮) সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী। | ১০-০২-২০১৯ |

২। বর্ণিত ৫ (পাঁচ) জন কর্মকর্তা পুনরাদেশ না দেয়া পর্যন্ত বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষে কাজ করার লক্ষ্যে এ কার্যালয়ে সংযুক্ত থাকবেন। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো। আদেশটি তাদের স্ব-স্ব যোগদানের তারিখ হতে কার্যকর হবে।

### অফিস আদেশ

তারিখ: ২১ চৈত্র ১৪২৫ ব./০৪ এপ্রিল ২০১৯ খ্রি.

নং **০৩.০৮.২৬৯০.০৬৯.১১.০০২.২০১৯-২৪৭**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৭ মার্চ ২০১৯ তারিখের ০৫.০০.০০০০.১৩২. ১৯.০১৪.১৭.২৮৮ নং প্রজ্ঞাপনমূলে জনাব মোঃ মিজানুর রহমান (০৬২৪), সিনিয়র সহকারী প্রধান, বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, পরিকল্পনা বিভাগকে বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষে কাজ করার জন্য উপ-পরিচালক (সিনিয়র সহকারী প্রধান) পদে প্রধানমন্ত্রীর কার্যালয়ে সংযুক্তিতে নিয়োগ করা হয়েছে। এ প্রেক্ষিতে তিনি ২৮-০৩-২০১৯ তারিখ এ কার্যালয়ে যোগদান করেছেন।

২। বর্ণিতাবস্থায়, পুনরাদেশ না দেয়া পর্যন্ত জনাব মোঃ মিজানুর রহমান (০৬২৪) কে উপ-পরিচালক (সিনিয়র সহকারী প্রধান) পদে বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষে কাজ করার জন্য সংযুক্তিতে নিয়োগ করা হলো। জনস্বার্থে জারীকৃত এ আদেশ ২৮-০৩-২০১৯ তারিখ হতে কার্যকর হবে।

**ওয়াহিদা মুসাররত অনীতা**
পরিচালক-২।

---

### বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়
### মানব সম্পদ শাখা-১

### প্রজ্ঞাপন

তারিখ : ১৯ বৈশাখ ১৪২৬ বঙ্গাব্দ/০২ মে ২০১৯ খ্রিষ্টাব্দ

নং **১১.০০.০০০০.৮০৩.৩৫.০১২.১৯.৩৯৩**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১১ এপ্রিল ২০১৯ তারিখের ০৫.০০.০০০০.১৩৮.০৯. ০৪৯.১৯ (অংশ)-৩৬৫ নং প্রজ্ঞাপনের প্রেক্ষিতে জনাব মোঃ মাসুদুর রহমান মাসুদ (১৭২৭৯), উপজেলা নির্বাহী অফিসার, বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও-কে একাদশ জাতীয় সংসদের সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির মাননীয় সভাপতি বেগম সিমিন হোসেন রিমি, এমপি-এর অভিপ্রায় অনুযায়ী তাঁর একান্ত সচিব হিসেবে ২৮-০৪-২০১৯ খ্রিঃ তারিখ হতে নিয়োগ প্রদান করা হলো।

স্পীকারের আদেশক্রমে

**আরিফা জহুরা**
সিনিয়র সহকারী সচিব।

---

### প্রজ্ঞাপন

তারিখ : ১৯ বৈশাখ ১৪২৬ বঙ্গাব্দ/০২ মে ২০১৯ খ্রিষ্টাব্দ

নং **১১.০০.০০০০.৮০৩.১২.০০৭.১৭(অংশ-২)-৩৯৮**—বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়ের মানবসম্পদ-১ শাখার ০৫ মার্চ ২০১৯ খ্রিষ্টাব্দ তারিখের ১১.০০.০০০০.৮০৩.১২.০০৭. ১৭(অংশ-২)-২০৫ নং প্রজ্ঞাপন মোতাবেক নিম্নবর্ণিত কর্মকর্তাগণের যোগদানপত্র তাঁদের নামের পাশে বর্ণিত পদে যোগদানের তারিখ হতে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত হয়েছে :

| ক্রমিক নং | কর্মকর্তার নাম | যোগদানকৃত পদের নাম | যোগদান গ্রহণের তারিখ |
|---|---|---|---|
| ০১. | বেগম জয়ন্তী রাণী দাস | উপ-পরিচালক (প্রকাশনা) | ০৫-০৩-২০১৯ খ্রিঃ (পূর্বাহ্নে) |
| ০২. | সেখ মোঃ মহিউদ্দিন | উপ-পরিচালক (টেকনিক্যাল সাপোর্ট) | ০৫-০৩-২০১৯ খ্রিঃ (পূর্বাহ্নে) |

স্পীকারের আদেশক্রমে

**মোঃ তৌফিক ইমাম**
সিনিয়র সহকারী সচিব।

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ২২ বৈশাখ ১৪২৬ বঙ্গাব্দ/০৫ মে ২০১৯ খ্রিষ্টাব্দ

নং **১১.০০.০০০০.৮০৩.৩৫.০০২.১৯.৪০০**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১০ এপ্রিল ২০১৯ তারিখের ০৫.০০.০০০০.১৩৮.০৯. ০৪৯.১৯ (অংশ)-৩৫৬ নং প্রজ্ঞাপনের প্রেক্ষিতে জনাব মোঃ এমাদুল হক, সহকারী পরিচালক (গণ-সংযোগ), বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়কে একাদশ জাতীয় সংসদের ধর্ম বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির মাননীয় সভাপতি জনাব মোঃ হাফেজ রুহুল আমীন মাদানী, এমপি-এর অভিপ্রায় অনুযায়ী তাঁর একান্ত সচিব হিসেবে ২৮-০৪-২০১৯ খ্রিঃ তারিখ হতে নিয়োগ প্রদান করা হলো।

নং **১১.০০.০০০০.৮০৩.৩৫.০১৫.১৯.৪০২**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৫ এপ্রিল ২০১৯ তারিখের ০৫.০০.০০০০.১৩৮.০৯. ০৪৯.১৯(অংশ)-৩৯১ নং প্রজ্ঞাপনের প্রেক্ষিতে জনাব মোঃ আনোয়ার হোসেন, সহকারী সচিব, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকাকে একাদশ জাতীয় সংসদের খাদ্য মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির মাননীয় সভাপতি জনাব মোহাম্মদ নাসিম, এমপি-এর অভিপ্রায় অনুযায়ী তাঁর একান্ত সচিব হিসেবে ২৫-০৪-২০১৯ খ্রিঃ তারিখ হতে নিয়োগ প্রদান করা হলো।

তারিখ : ২৫ বৈশাখ ১৪২৬ বঙ্গাব্দ/০৮ মে ২০১৯ খ্রিষ্টাব্দ

নং **১১.০০.০০০০.৮০৩.৩২.০০২.১৯.৪২৬**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৫ এপ্রিল ২০১৯ খ্রিঃ তারিখের ০৫.০০.০০০০.১৩৮. ০১.০৪৭.১৯.৩৯৫ নং প্রজ্ঞাপনের প্রেক্ষিতে বিসিএস তথ্য ক্যাডারের কর্মকর্তা জনাব মোঃ মামুন হাসানকে, বাংলাদেশ জাতীয় সংসদের মাননীয় বিরোধী দলীয় উপনেতা বেগম রওশন এরশাদ, এমপি-এর অভিপ্রায় অনুযায়ী তাঁর একান্ত সচিব হিসেবে ২৫-০৪-২০১৯ খ্রিঃ তারিখ অপরাহ্ণ হতে নিয়োগ প্রদান করা হলো।

স্পীকারের আদেশক্রমে

**আরিফা জহুরা**
সিনিয়র সহকারী সচিব।

---

### জাতীয় রাজস্ব বোর্ড
### (কর প্রশাসন-২ শাখা)

### প্রজ্ঞাপন

তারিখ : ২৪ বৈশাখ ১৪২৬/০৭ মে ২০১৯

নং **০৮.০১.০০০০.০২০.০১.০৭১.১৮/৫৭৩**—জাতীয় রাজস্ব বোর্ডের আওতাধীন কর অঞ্চল-খুলনা এর কর পরিদর্শক জনাব সাদ্দাম হোসাইন এর চাকুরী হতে অব্যাহতি আবেদনের প্রেক্ষিতে বিএসআর (১ম খণ্ড) এর ৩০০ বিধির অনুশাসনের আলোকে তাঁর ইস্তফাপত্র গৃহীত হওয়ায় নির্দেশক্রমে তাঁকে চাকুরী হতে অব্যাহতি প্রদান করা হলো।

**মোঃ জসিম উদ্দিন**
দ্বিতীয় সচিব (কর প্রশাসন-২)।

**অর্থ মন্ত্রণালয়**
**অর্থনৈতিক সম্পর্ক বিভাগ**
**প্রশাসন-৫ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৬ বৈশাখ ১৪২৬ বঙ্গাব্দ/২৯ এপ্রিল ২০১৯ খ্রিষ্টাব্দ

নং **০৯.০০.০০০০.০৭৬.২৪.১৯৯.১৯.১৭৫**—অর্থনৈতিক সম্পর্ক বিভাগের নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে তাঁদের নামের পাশে বর্ণিত মিশনে যোগদানের তারিখ হতে ০৪ (চার) বছরের জন্য প্রেষণে নিয়োগ প্রদান করা হল—

| ক্রমিক | কর্মকর্তার নাম ও পদবি | ক্যাডার | নিয়োগকৃত মিশনের পদ ও মিশনের নাম |
|---|---|---|---|
| ০১ | জনাব মোহাম্মদ রাশেদুল আমীন (৬৬৯৬), উপসচিব | বিসিএস (প্রশাসন) | ইকনমিক কাউন্সেলর<br>বাংলাদেশ হাইকমিশন, নয়াদিল্লি, ভারত |
| ০২ | সৈয়দ রাশেদুল হোসেন (৬৮৬৯), উপসচিব | বিসিএস (প্রশাসন) | ইকনমিক কাউন্সেলর<br>বাংলাদেশ দূতাবাস, ব্যাংকক, থাইল্যান্ড |
| ০৩ | জনাব মুর্তুজা জুলকার নাঈন নোমান (০৪০৩)<br>সিনিয়র সহকারী প্রধান | বিসিএস (ইকনমিক)<br>[বিসিএস (প্রশাসন) ক্যাডারের সাথে একীভূত] | ইকনমিক কাউন্সেলর<br>বাংলাদেশ দূতাবাস, রিয়াদ, সৌদি আরব |
| ০৪ | জনাব ফকরুদ্দিন আহামেদ (০০১-০০১-৫৪৯)<br>সহকারী মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (রিজার্ভ) | বিসিএস (অডিট ও একাউন্টস) | প্রথম সচিব (ইকনমিক)<br>বাংলাদেশ দূতাবাস, ব্রাসেলস, বেলজিয়াম |

২। নিয়োগকৃত কর্মকর্তাগণ সরকারি বিধি মোতাবেক বেতন ও ভাতাদি প্রাপ্য হবেন।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এস, এম, হাসান**
সহকারী প্রধান।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৬**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৪ এপ্রিল ২০১৯ খ্রিঃ

নং **১০.০০.০০০০.১৩০.১৩.০০৩.১৯-১০৮**—সরকার জনাব মোঃ মকবুল হোসেন খান (অবসরোত্তর ছুটি ভোগরত), পরিদর্শক রেজিস্ট্রি অফিসসমূহ, সিলেট এর ১২ (বার) মাস পূর্ণ গড় বেতনে অবসর-উত্তর ছুটি মঞ্জুরের পর আরও ১৮ (আঠারো) মাসের অধিক ছুটি পাওনা থাকায় তাঁর অনুকূলে ১৮ (আঠারো) মাসের ছুটির নগদায়ন বাবদ মূল বেতনের সমপরিমাণ (৪৫,৩৩০×১৮) = ৮,১৫,৯৪০ (আট লক্ষ পনের হাজার নয়শত চল্লিশ) টাকা মাত্র লাম্পগ্রান্ট মঞ্জুর করল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নাজমুল হক শ্যামল**
উপ-সচিব।
( রেজিস্ট্রেশন )

---

**বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৯ বৈশাখ ১৪২৬/০২ মে ২০১৯

নং **৩৯.০০.০০০০.০০১.১২.০০১.১৬-১৮৫**—বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ২৯ এপ্রিল ২০১৯ তারিখের ৮০.১০২.০০. ০০.০১১.২০১৪-১৩১ নং স্মারকের সুপারিশক্রমে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের নিম্নোক্ত ১ (এক) জন কর্মচারীকে জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী ১৬,০০০—৩৮,৬৮০ টাকা বেতনক্রমে অস্থায়ী ভিত্তিতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে ব্যক্তিগত কর্মকর্তা পদে পদোন্নতি প্রদান করা হলো:

| ক্রমিক নং | গ্রেডেশন নং | নাম ও পদবি | সুপারিশকৃত পদের নাম |
|---|---|---|---|
| ১ | ১ | জনাব নিয়াজ মোরশেদ<br>সাঁট মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর | ব্যক্তিগত কর্মকর্তা |

**শর্তাবলি :**

(ক) বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪ মোতাবেক উল্লিখিত কর্মচারীর পদোন্নতির তারিখ হতে ১(এক) বছরের জন্য শিক্ষানবিশ হিসেবে নিয়োজিত থাকবেন। তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করে শিক্ষানবিশকালের মেয়াদ বৃদ্ধি করতে পারবেন;

(খ) শিক্ষানবিসকালে নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট চাকুরী সন্তোষজনক বিবেচিত হলে তাকে উল্লিখিত পদে স্থায়ী করা হবে;

(গ) শিক্ষানবিসকাল সন্তোষজনক বিবেচিত না হলে সেক্ষত্রে তাকে পূর্বপদে প্রত্যাবর্তন করতে হবে।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো এবং তার যোগদানের তারিখ থেকে এ আদেশ কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**রওশন আরা বেগম**
যুগ্মসচিব।

---

**মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়**
**মৎস্য-১ অধিশাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ২৪ বৈশাখ ১৪২৬/০৭ মে ২০১৯

**নং ৩৩.০০.০০০০.১২৬.০১.১৮৭.১৯-২৪৪**—জনাব মোঃ মোশারেফ হোসেন, অধ্যক্ষ, মৎস্য প্রশিক্ষণ ইন্সটিটিউট, চাঁদপুরকে সরকারি কর্মচারী (অবসর) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ১২ নং আইন) এর ৪ ধারা অনুযায়ী ৩০-০৬-২০১৯ তারিখ থেকে সরকারি চাকরি হতে অবসর প্রদান করা হলো।

২। তাঁর অনুকূলে ১৮ (আঠার) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ লাম্পগ্রান্টসহ ০১-০৭-২০১৯ তারিখ থেকে ০১ (এক) বছরের অবসর-উত্তর ছুটি (পি.আর.এল) মঞ্জুর করা হলো।

৩। তিনি বিধি অনুযায়ী অবসর এবং অবসরোত্তর ছুটিকালীন সুবিধাদি প্রাপ্য হবেন।

৪। কর্মকর্তা তাঁর নিকট রক্ষিত দায়িত্বভার প্রিন্সিপাল, মৎস্য ডিপ্লোমা ইন্সটিটিউট, চাঁদপুর-এর নিকট হস্তান্তর করবেন।

তারিখ : ২৬ বৈশাখ ১৪২৬/০৯ মে ২০১৯

**নং ৩৩.০০.০০০০.১২৬.০১.০৬০.১৩-২৪৮**—সৈয়দা শিরিন কুলসুমা খাতুন, উপপরিচালক (রিজার্ভ), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা-কে সরকারি কর্মচারী (অবসর) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ১২ নং আইন) এর ৪ ধারা অনুযায়ী ৩১-০৫-২০১৯ তারিখ থেকে সরকারি চাকরি হতে অবসর প্রদান করা হলো।

২। তাঁর অনুকূলে ১৮ (আঠার) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ লাম্পগ্র্যান্টসহ ০১-০৬-২০১৯ তারিখ থেকে ০১ (এক) বছরের অবসর-উত্তর ছুটি (পি.আর.এল) মঞ্জুর করা হলো।

৩। তিনি বিধি অনুযায়ী অবসর এবং অবসর-উত্তর ছুটিকালীন সুবিধাদি প্রাপ্য হবেন।

৪। কর্মকর্তা তাঁর নিকট রক্ষিত দায়িত্বভার জনাব মোহাঃ আতিয়ার রহমান, জেলা মৎস্য কর্মকর্তা (রিজার্ভ), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা এর নিকট হস্তান্তর করবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**হাফছা বেগম**
উপসচিব।

---

**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**
**সংস্থাপন-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৪ চৈত্র ১৪২৫ বঙ্গাব্দ/০৭ এপ্রিল ২০১৯

**নং ৪০.০০.০০০০.০২০.৩৮.১৪৮.১৩-৭৫**—শারমীন সুলতানা, সহকারী মহাপরিদর্শক (সেফটি), উপমহাপরিদর্শকের কার্যালয়, নারায়ণগঞ্জ জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২০-০৩-২০১৯ তারিখে প্রকাশিত ০৫.০০.০০০০.১৪৭.৩৭.০০৭.১৮-৯০ নম্বর প্রজ্ঞাপন মূলে ৩৭ তম বিসিএস পরীক্ষার মাধ্যমে বাংলাদেশ সিভিল সার্ভিস (গণপূর্ত) ক্যাডারে সহকারী প্রকৌশলী (ই/এম) পদে নিয়োগ লাভ করেছেন। উক্ত পদে যোগদানের লক্ষ্যে তাকে ০৬-০৪-২০১৯ তারিখ অপরাহ্ন হতে বর্তমান পদ এবং কর্মস্থল থেকে অব্যাহতি প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**দিল আফরোজা বেগম**
উপসচিব।

**শিক্ষা মন্ত্রণালয়**
**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**
**(সরকারি মাধ্যমিক-৩)**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৬ ফাল্গুন ১৪২৫ বঙ্গাব্দ/১৮ ফেব্রুয়ারি ২০১৯ খ্রিষ্টাব্দ

নং ৩৭.০০.০০০০.০৭১.১৫.০১৬.১৭-১৩৪—নলডাঙ্গা ভূষণ পাইলট মাধ্যমিক বিদ্যালয়, কালিগঞ্জ, ঝিনাইদহকে সরকার সরকারিকরণ করায় উক্ত শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত নিম্নবর্ণিত ০১(এক) জন শিক্ষককে "Teacher and Non-Teaching Staff of Nationalised High Schools (Directorate of Secondary and Higher Education) Absorption rules-১৯৮৩" অনুযায়ী তাঁর নামের পার্শ্বে বর্ণিত পদে নিম্নোক্ত শর্ত মোতাবেক এডহক ভিত্তিতে নিয়োগ প্রদান পূর্বক নলডাঙ্গা ভূষণ পাইলট মাধ্যমিক বিদ্যালয়, কালিগঞ্জ, ঝিনাইদহ-এ পদায়ন করা হলো :

**শিক্ষক**

| ক্রঃ নং | কর্মরত শিক্ষকের নাম | পদবি | বিষয় | জাতীয় বেতন স্কেল (২০১৫) |
|---|---|---|---|---|
| ১ | এইচ, এম রেজাউল করিম<br>জন্ম তারিখঃ ০৯-০১-৮৬ | সহকারী শিক্ষক | সামাজিক বিজ্ঞান | ১৬০০০-৩৮৬৪০/- |

২। "Teacher and Non-Teaching Staff of Nationalised High Schools (Directorate of Secondary and Higher Education) Absorption rules-১৯৮৩" এর বিধি ৫ এ বর্ণিত বিধান মোতাবেক বর্ণিত শিক্ষকের শারীরিক সুস্থতা ও প্রাকচরিত্র সম্পর্কে যথাযথ কর্তৃপক্ষের সন্তোষজনক রিপোর্ট এবং বাংলাদেশ সরকারি কর্ম কমিশন (পি.এস.সি)'র এর সুপারিশের ভিত্তিতে (প্রযোজ্য ক্ষেত্রে) পরবর্তীতে যথাযথ প্রক্রিয়ায় তার চাকুরী নিয়মিত ও স্থায়ী করা হবে।

**শর্তসমূহ:**

ক. সরকার কর্তৃক নির্ধারিত প্রশিক্ষণ কোর্সে অংশ গ্রহণ করতে হবে;

খ. প্রচলিত বিধি বিধান অনুযায়ী চাকরি নিয়মিতকরণ ও স্থায়ীকরণ করা হবে;

গ. প্রচলিত বিধি মোতাবেক তার জ্যেষ্ঠতা ও বেসরকারি আমলে কর্মরত চাকরিকাল গণনা করা হবে;

ঘ. যদি তিনি কোন বিদেশী নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার অঙ্গিকারাবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;

ঙ. আদেশ জারির তারিখ হতে সংশ্লিষ্ট শিক্ষকের Monthly Payment Order (MPO) বাতিল বলে গণ্য হবে; এবং তিনি সরকারি বিধি মোতাবেক বেতন ভাতা প্রাপ্য হবেন;

চ. এ শিক্ষা প্রতিষ্ঠানের আত্তীকৃত কোন শিক্ষক শিক্ষিকা/ অন্য কোন প্রতিষ্ঠানে বদলি হতে পারবেনা;

ছ. যে সকল শিক্ষক-শিক্ষিকাগণের উপযুক্ত শিক্ষাগত যোগ্যতা নেই তাদেরকে সরকারি চাকরিতে আত্তীকরণের ০৩ (তিন) বছরের মধ্যে প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা অর্জন করতে হবে। অন্যথায় এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;

জ. প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপক্ষেত্রে তার চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি/আদেশ প্রযোজ্য হবে;

ঝ. সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি ও বিধান দ্বারা তাঁর চাকরি নিয়ন্ত্রিত হবে।

৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**লুৎফুন নাহার**
উপসচিব।

---

**ভূমি মন্ত্রণালয়**
**অধিশাখা-২ (মাঠ প্রশাসন)**

**অফিস আদেশ**

তারিখ : ৩১ মার্চ ২০১৯ খ্রিষ্টাব্দ

**নং ৩১.০০.০০০০.০৪৬.১১.১৩৯.১২.২০৩**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৫-০৩-২০১৯ তারিখের ০৫.০০.০০০০.১৩২.১৯.০০২.১৮-২৮৪ নম্বর প্রজ্ঞাপনে জনাব সুলতান মাহমুদ, পরিচিতি নম্বর-৪৮৯৭, সদস্য (অতিরিক্ত সচিব), ভূমি সংস্কার বোর্ডকে মহাপরিচালক, প্রত্নতত্ত্ব অধিদপ্তর হিসেবে বদলিপূর্বক প্রেষণে নিয়োগ করা হয়।

২। বর্ণিতাবস্থায়, জনাব সুলতান মাহমুদ, পরিচিতি নম্বর-৪৮৯৭, সদস্য (অতিরিক্ত সচিব), ভূমি সংস্কার বোর্ড-কে মহাপরিচালক, প্রত্নতত্ত্ব অধিদপ্তর হিসেবে বদলিকৃত কর্মস্থলে যোগদানের নিমিত্ত আগামী ০১-০৪-২০১৯ তারিখ পূর্বাহ্নে বর্তমান কর্মস্থল হতে নির্দেশক্রমে অবমুক্ত করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শাহ মোজাহিদ উদ্দিন**
উপসচিব।

**সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়**
**সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ**
**সওজ গেজেটেড সংস্থাপন শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৪ এপ্রিল ২০১৯ খ্রিষ্টাব্দ

**নং ৩৫.০০.০০০০.০২২.০৩২.১৩.১৯-২৮১**—জনাব মাহমুদুল হাসান রাসেল (৬০২৩৫৪), সহকারী প্রকৌশলী, কার্যক্রম বিভাগ, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা-কে তার আবেদনের পরিপ্রেক্ষিতে বিসিএস (প্রশাসন) ক্যাডারে যোগদানের লক্ষ্যে ০৬-০৪-২০১৯ তারিখ থেকে সহকারী প্রকৌশলী (সিভিল) পদ হতে অব্যাহতি প্রদান করা হল।

২। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ নজরুল ইসলাম সরকার**
উপসচিব।

---

**প্রশাসন শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ১৯ বৈশাখ ১৪২৬/০২ মে ২০১৯

**নং ৩৫.০০.০০০০.০০৮.১২.০০২.১৭-৬৮৯**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৬-০৩-২০১৪ তারিখের এস.আর.ও, নং ৩৪ আইন/২০১৪ এবং বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের গত ২৯-০৪-২০১৯ তারিখের ৮০.০০.০০০০.১০১.১২.০০৪. ১৯-৬৪ নম্বর স্মারকের সুপারিশক্রমে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের নিম্নোক্ত কর্মচারীগণকে জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর ১৬০০০-৩৮৬৪০/- (গ্রেড-১০) টাকা বেতনস্কেলে অস্থায়ী ভিত্তিতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে "ব্যক্তিগত কর্মকর্তা" পদে পদোন্নতি প্রদান করা হল :

| ক্রম | জ্যেষ্ঠতা নং | নাম ও পদবি | সুপারিশকৃত পদ |
|---|---|---|---|
| ১. | ০১ | কাজী শাহিনুর ইসলাম<br>সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর | ব্যক্তিগত কর্মকর্তা |
| ২. | ০২ | জনাব মোঃ ওবায়দুল হক<br>কম্পিউটার অপারেটর | |
| ৩. | ০৩ | জনাব মোঃ মঞ্জুরুল আলম তারেক<br>কম্পিউটার অপারেটর | |

**শর্তাবলি :**

(ক) বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪ এর ৬ (১) (খ) বিধি মোতাবেক অস্থায়ী ভিত্তিতে পদোন্নতি প্রাপ্ত ব্যক্তিগত কর্মকর্তা পদে ১ (এক) বছর শিক্ষানবিশ হিসেবে কাজ করবেন। তবে কর্তৃপক্ষ প্রয়োজনবোধে এ শিক্ষানবিশকাল অতিরিক্ত আরো ১ (এক) বছর বৃদ্ধি করতে পারবেন।

(খ) শিক্ষানবিশ থাকাকালীন সময়ে আচরণ এবং কর্ম সন্তোষজনক না হলে অথবা পদোন্নতিপ্রাপ্ত পদে বহাল থাকার জন্য দক্ষতা অর্জন করতে না পারলে কর্তৃপক্ষ পূর্বতন পদে পদাবনতি (Revert) করতে পারবেন।

(গ) শিক্ষানবিশ মেয়াদ সন্তোষজনকভাবে পূর্ণ হওয়া এবং উল্লেখিত নিয়োগ বিধিমালার ৬ নং বিধিতে বর্ণিত শর্তাদি পূরণ সাপেক্ষে চাকুরীতে স্থায়ীকরণের বিষয়টি বিবেচনা করা হবে।

২। এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ২৫ বৈশাখ ১৪২৬/০৮ মে ২০১৯

**নং ৩৫.০০.০০০০.০০৮.১২.০০১.১৭-৭২২**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৬-০৩-২০১৪ তারিখের এস.আর.ও, নং ৩৪ আইন/২০১৪ এবং বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের গত ০৭-০৫-২০১৯ তারিখের ৮০.০০.০০০০.১০১.১২.০০৫.১৯-৬৫ নম্বর স্মারকের

সুপারিশক্রমে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের নিম্নোক্ত কর্মচারীগণকে জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর ১৬০০০—৩৮৬৪০/- (গ্রেড-১০) টাকা বেতনস্কেলে অস্থায়ী ভিত্তিতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে "প্রশাসনিক কর্মকর্তা" পদে পদোন্নতি প্রদান করা হল :

| ক্রম | জ্যেষ্ঠতা নং | নাম ও পদবি | সুপারিশকৃত পদ |
|---|---|---|---|
| ১. | ০৩ | জনাব নার্গিস সুলতানা<br>অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | প্রশাসনিক কর্মকর্তা |
| ২. | ০৪ | জনাব মোঃ ফয়েজউল্লাহ<br>অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | |
| ৩. | ০৫ | জনাব সুলতানা রাজিয়া<br>অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | |
| ৪. | ০৬ | শেখ বাকী বিল্লাহ<br>অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | |

**শর্তাবলি :**

(ক) বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪ এর ৬ (১) (খ) বিধি মোতাবেক অস্থায়ী ভিত্তিতে পদোন্নতিপ্রাপ্ত প্রশাসনিক কর্মকর্তা পদে ১ (এক) বছর শিক্ষানবিশ হিসেবে কাজ করবেন। তবে কর্তৃপক্ষ প্রয়োজনবোধে এ শিক্ষানবিশকাল অতিরিক্ত আরো ১ (এক) বছর বৃদ্ধি করতে পারবেন।

(খ) শিক্ষানবিশ থাকাকালীন সময়ে আচরণ এবং কর্ম সন্তোষজনক না হলে অথবা পদোন্নতিপ্রাপ্ত পদে বহাল থাকার জন্য দক্ষতা অর্জন করতে না পারলে কর্তৃপক্ষ পূর্বতন পদে পদাবনতি (Revert) করতে পারবেন।

(গ) শিক্ষানবিশ মেয়াদ সন্তোষজনকভাবে পূর্ণ হওয়া এবং উল্লেখিত নিয়োগ বিধিমালার ৬ নং বিধিতে বর্ণিত শর্তাদি পূরণ সাপেক্ষে চাকুরীতে স্থায়ীকরণের বিষয়টি বিবেচনা করা হবে।

২। এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাঃ লিয়াকত আলী খান**
সহকারী সচিব।

---

**রেলপথ মন্ত্রণালয়**
**প্রশাসন-৫ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৫ বৈশাখ ১৪২৬/২৮ এপ্রিল ২০১৯

নং **৫৪.০০.০০০০.০৪০.১৮.১১২.১২-৭৪**—রেলপথ মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং ৫৪.০০.০০০০.০০৭.১১.২৩৬.১১.২১০৩. তারিখ: ০৭-০৯-২০১৪ মূলে বাংলাদে রেলওয়ের কমান্ড্যান্ট/আরএনবি পদে নিয়োগপ্রাপ্ত জনাব ফুয়াদ হাসান পরাগ-কে জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রজ্ঞপন নং ০৫.০০.০০০০.১৪৭.৩৪.০০৪.১৫-১১৭ , তারিখ: ০৯-০৪-২০১৯ অনুযায়ী বিসিএস (পররাষ্ট্র) ক্যাডারে যোগদানের নিমিত্ত ২৯-০৪-২০১৯ তারিখ অপরাহ্নে বর্তমান চাকুরী হতে অব্যাহতি/ছাড়পত্র প্রদান করা হলো।

২। এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

**ওয়াহেদুর রশীদ**
সহকারী সচিব।

---

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ২২ বৈশাখ ১৪২৬/০৫ মে ২০১৯

নং **৫৪.০০.০০০০.০৪০.১৮.০৩৮.১৭(অংশ-১)-৭৯**—রেলপথ মন্ত্রণালয়ের ১৮-০৯-২০১৬ তারিখের ৫৪.০০.০০০০.০০৭.১১.২৩৬.১১-১৯৯৫ নং প্রজ্ঞাপনমূলে নিয়োগপ্রাপ্ত রেলওয়ে নিরাপত্তা বাহিনী বিভাগের (নন-ক্যাডার) নিম্নোক্ত ০২ (দুই) জন কর্মকর্তার চাকুরী The Railway Nirapatta Bahini Recrutment Rules, 1985 এর বিধি-৭ মোতাবেক তাঁদের নামের পার্শ্বে বর্ণিত প্রবেশ পদের বিপরীতে ৫ নং কলামে উল্লিখিত তারিখ হতে স্থায়ী করা হলো :

| ক্রঃ নং | কর্মকর্তার নাম ও বর্তমান পদবি | প্রবেশ পদের নাম | চাকুরীতে যোগদানের তারিখ | স্থায়ীকরণের তারিখ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | জনাব মোহাম্মদ ওমর ফারুক<br>সহকারী কমান্ড্যান্ট (সদর), রেলওয়ে নিরাপত্তা বাহিনী, সিআরবি, চট্টগ্রাম | সহকারী কমান্ড্যান্ট | ১৯-০৯-২০১৬ | ১৯-০৯-২০১৬ |
| ২ | জনাব মোঃ মোরশেদ আলম<br>সহকারী কমান্ড্যান্ট (সদর), রেলওয়ে নিরাপত্তা বাহিনী, রাজশাহী | সহকারী কমান্ড্যান্ট | ০৩-১০-২০১৬ | ০৩-১০-২০১৬ |

নং **৫৪.০০.০০০০.০৪০.১৮.০৩৮.১৭.৮০**—রেলপথ মন্ত্রণালয়ের ০৭-১১-২০১৬ তারিখের ৫৪.০০.০০০০.০০৭.১১.০৪৫.১৬-২১৯৩ নং প্রজ্ঞাপনমূলে নিয়োগপ্রাপ্ত নিম্নোক্ত ০১ (এক) জন কর্মকর্তার চাকুরী The Bangladesh Railway Medical Service Recrutment Rules, 1985 এর 6 (3) (a) মোতাবেক তাঁর নামের পার্শ্বে বর্ণিত প্রবেশ পদের বিপরীতে ৫ নং কলামে উল্লিখিত তারিখ হতে স্থায়ী করা হলো :

| ক্রঃ নং | কর্মকর্তার নাম ও বর্তমান পদবি | প্রবেশ পদের নাম | চাকুরীতে যোগদানের তারিখ | স্থায়ীকরণের তারিখ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | ডা: মো: শাকিল আহমেদ<br>সহকারী সার্জন<br>রেলওয়ে হাসপাতাল, সান্তাহার,<br>বর্তমান পদ সহকারী সার্জন/ বহি:বিভাগ, রাজশাহী, রেলওয়ে হাসপাতাল, রাজশাহী) | সহকারী সার্জন (নন-ক্যাডার) | ১০-১১-২০১৬ | ১০-১১-২০১৬ |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ওয়াহেদুর রশীদ**
সহকারী সচিব।

---

**প্রশাসন-১ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ১৭ চৈত্র ১৪২৫/৩১ মার্চ ২০১৯

**নং ৫৪.০০.০০০০.০০৭.১৩.০৩৭.১৮.২৬১**—জনাব আব্দুল মতিন চৌধুরী, প্রাক্তন অতিরিক্ত মহাপরিচালক (এমএন্ডসিপি)(চ.দা.), বাংলাদেশ রেল ভবন, ঢাকা এর জন্ম তারিখ: ২৫-০৩-১৯৬০ বিধায় The Public Servants (Retirement) Act, 1974 (Amendment, 2010) অনুযায়ী ৫৯ বছর পূর্তিতে তাঁকে ২৪-০৩-২০১৯ তারিখ সরকারি চাকরি হতে অবসর প্রদান করা হলো। ২৫-০৩-২০১৯ তারিখ হতে ১২ মাস অবসর উত্তর ছুটি (পিআরএল) এবং ছুটি নগদায়ন বাবদ ১৮ মাসের মূল বেতনের সমপরিমাণ টা. (৭৪,৪০০×১৮)=১৩,৩৯,২০০/- (তের লক্ষ উনচল্লিশ হাজার দুই শত) টাকা লাম্প গ্রান্ট মঞ্জুর করা হলো।

২। তিনি বিধি অনুযায়ী অবসর এবং অবসর উত্তর ছুটিকালীন সুবিধাদি প্রাপ্য হবেন।

তারিখ : ১৯ বৈশাখ ১৪২৬/০২ মে ২০১৯

**নং ৫৪.০০.০০০০.০০৭.১৩.০৪৬.১৯.৩৬৪**—রেলপথ মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা জনাব মোঃ আনোয়ার হোসেন এর জন্ম তারিখ: ০৭-০৫-১৯৬০ বিধায় ০৬-০৫-২০১৯ তারিখে তার বয়স ৫৯ বৎসর পূর্ণ হবে। জনাব মোঃ আনোয়ার হোসেনকে ০৬-০৫-২০১৯ তারিখ সরকারি চাকরি হতে অবসর প্রদানপূর্বক আগামী ০৭-০৫-২০১৯ তারিখ হতে ০৬-০৫-২০২০ তারিখ পর্যন্ত অবসরোত্তর ছুটি ও ছুটি নগদায়ন বাবদ ১৮ মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ লাম্প গ্রান্ট হিসেবে মঞ্জুর করা হলো।

২। তিনি বিধি অনুযায়ী অবসর এবং অবসরোত্তর ছুটিকালীন সুবিধাদি প্রাপ্য হবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুহাম্মদ আব্দুস সালাম**
উপসচিব।

---

**সমাজকল্যাণ মন্ত্রণালয়**
**প্রশাসন-২ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ১৯ বৈশাখ ১৪২৬/০২ মে ২০১৯

**নং ৪১.০০.০০০০.০৩৫.০০২.১১.১৪(অংশ-১)-৩১২**—বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ১০-০৪-২০১৯ তারিখের ৮০.০০.০০০০.১০৫.০১২.০০৭.১৯-৬৫ সংখ্যক পত্রের সুপারিশ অনুযায়ী সমাজসেবা অধিদপ্তরের নিম্নবর্ণিত ০৮ (আট) জন ১০ম গ্রেডভুক্ত নন-গেজেটেড ফিডার পদধারীকে নিম্নোক্ত শর্তসাপেক্ষে ১ম শ্রেণির প্রধান শিক্ষক পদে জাতীয় বেতনস্কেল ২০১৫ এর ২২,০০০-৫৩,০৬০/- টাকার (৯ম গ্রেড) বেতনক্রমে পদোন্নতি প্রদানপূর্বক তাঁদের নামের পাশে প্রদর্শিত কর্মস্থলে পদায়ন করা হলো :

| ক্রমিক নম্বর | গ্রেডেশন তালিকার ক্রঃ নং | প্রার্থীর নাম, পদবি ও কর্মস্থল | পদায়নকৃত পদ ও কর্মস্থল |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১. | ১ | বেগম মরিয়ম খাতুন<br>শিক্ষক<br>সরকারী দৃষ্টি প্রতিবন্ধী বিদ্যালয়<br>পি এইচ টি সেন্টার, সমাজসেবা অধিদপ্তর, মিরপুর-১৪, ঢাকা | প্রধান শিক্ষক<br>সরকারী দৃষ্টি প্রতিবন্ধী বিদ্যালয়<br>পি এইচ টি সেন্টার, সমাজসেবা অধিদপ্তর, মিরপুর-১৪, ঢাকা |

| ১ | ২ | ৩ | ৪ |
|---|---|---|---|
| ২. | ২ | জনাব মোঃ হাবিবুর<br>শিক্ষক<br>সরকারী বাক ও শ্রবণ প্রতিবন্ধী বিদ্যালয়<br>পি এইচ টি সেন্টার, সমাজসেবা অধিদপ্তর,<br>চট্টগ্রাম | প্রধান শিক্ষক<br>সরকারী বাক ও শ্রবণ প্রতিবন্ধী বিদ্যালয়<br>পি এইচ টি সেন্টার, সমাজসেবা অধিদপ্তর,<br>চট্টগ্রাম |
| ৩. | ৩ | মোছাঃ আকতারী খানম<br>ক্রাফট টিচার<br>সরকারী বাক ও শ্রবণ প্রতিবন্ধী বিদ্যালয়<br>পি এইচ টি সেন্টার, সমাজসেবা অধিদপ্তর<br>রাজশাহী | প্রধান শিক্ষক<br>সরকারী বাক ও শ্রবণ প্রতিবন্ধী বিদ্যালয়<br>পি এইচ টি সেন্টার, সমাজসেবা অধিদপ্তর<br>রাজশাহী |
| ৪. | ৪ | সৈয়দ সাইখ সাজ্জাদ<br>ক্রাফট টিচার<br>সরকারী বাক ও শ্রবণ প্রতিবন্ধী বিদ্যালয়<br>পি এইচ টি সেন্টার, সমাজসেবা অধিদপ্তর,<br>খুলনা | প্রধান শিক্ষক<br>সরকারী বাক ও শ্রবণ প্রতিবন্ধী বিদ্যালয়<br>পি এইচ টি সেন্টার, খুলনা |
| ৫. | ৬ | বেগম লাইজু আক্তার<br>ক্রাফট টিচার<br>সরকারী বাক ও শ্রবণ প্রতিবন্ধী বিদ্যালয়<br>পি এইচ টি সেন্টার, সমাজসেবা অধিদপ্তর,<br>মিরপুর-১৪, ঢাকা | প্রধান শিক্ষক<br>সরকারী বাক ও শ্রবণ প্রতিবন্ধী বিদ্যালয়<br>পি এইচ টি সেন্টার<br>মিরপুর-১৪, ঢাকা |
| ৬. | ৭ | কাজী কাউছার উদ্দিন<br>ক্রাফট টিচার<br>সরকারী বাক ও শ্রবণ প্রতিবন্ধী বিদ্যালয়<br>ফরিদপুর | প্রধান শিক্ষক<br>সরকারী বাক ও শ্রবণ প্রতিবন্ধী বিদ্যালয়<br>ফরিদপুর |
| ৭. | ৮ | জনাব মোঃ আব্দুল লতিফ<br>শিক্ষক (দৃষ্টি)<br>সরকারী দৃষ্টি প্রতিবন্ধী বিদ্যালয়<br>পি এইচ টি সেন্টার, সমাজসেবা অধিদপ্তর<br>রাজশাহী | প্রধান শিক্ষক<br>সরকারী দৃষ্টি প্রতিবন্ধী বিদ্যালয়<br>পি এইচ টি সেন্টার, সমাজসেবা অধিদপ্তর<br>রাজশাহী |
| ৮. | ৯ | বেগম রঞ্জু আরা বেগম<br>শিক্ষক<br>মানষিক প্রতিবন্ধী বিদ্যালয়<br>জাতীয় বিশেষ শিক্ষা কেন্দ্র, সমাজসেবা অধিদপ্তর,<br>মিরপুর-১৪, ঢাকা | প্রধান শিক্ষক<br>মানসিক প্রতিবন্ধী বিদ্যালয়<br>জাতীয় বিশেষ শিক্ষা কেন্দ্র, সমাজসেবা<br>অধিদপ্তর, মিরপুর-১৪, ঢাকা |

**শর্তসমূহ:**

(১) সংশ্লিষ্ট পদে পদোন্নতির বিষয়ে কোন রীট মামলা/পদ সংরক্ষণ সংক্রান্ত আদেশ থেকে থাকলে তা নিস্পত্তিক্রমে এ আদেশ কার্যকর হবে। পদ সংক্রান্ত কোন ভুল তথ্য প্রদান করা হলে তার দায়িত্ব সমাজসেবা অধিদপ্তরের উপর বর্তাবে;

(২) বাংলাদেশ গেজেটের ০৭-১০-২০১৩ তারিখের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত এস, আর, ও নং ৩২২-আইন/২০১৩ সমাজসেবা অধিদপ্তর (গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৩ অনুযায়ী পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তার চাকুরীর প্রথম ০১ (এক) বৎসর শিক্ষানবিশকাল হিসেবে গণ্য হবে। শিক্ষানবিশকালে পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তা সংশ্লিষ্ট পেশাগত দায়িত্ব পালনে অনুপযুক্ত প্রতীয়মান হলে কর্তৃপক্ষ এ পদোন্নতি বাতিল করে পূর্বের পদে প্রত্যাবর্তন করতে পারবেন;

(৩) তার জ্যেষ্ঠতা সরকারি বিধি বিধান মোতাবেক নির্ধারিত হবে;

(৪) বর্ণিত কর্মকর্তাগণ সংশ্লিষ্ট উপপরিচালক বরাবর এই আদেশ জারির ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে যোগদানপত্র দাখিল করবেন।

(৫) সরকারের স্থায়ী পদের বিপরীতে এ পদোন্নতি প্রদান করা হলো।

তারিখ : ২২ বৈশাখ ১৪২৬/৫ মে ২০১৯

**নং ৪১.০৩৫.০১৮.০০০০.০৩০.২০১১(অংশ-১)-৩১৬**—পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত নিম্নবর্ণিত কর্মকর্তাদ্বয়কে তাদের নামের পাশে উল্লিখিত কর্মস্থলে বদলি/পদায়ন করা হলো:

(১) জনাব রাজু আহমেদ, সহকারী পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, ময়মনসিংহ (উপপরিচালক পদে পদোন্নতিপূর্বক জেলা সমাজসেবা কার্যালয়, পাবনায় বদলির আদেশাধীন)—উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, জামালপুর।

(২) জনাব আব্দুল হামিদ, উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, জামালপুর—উপপরিচালক, সদর কার্যালয়, সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।

২। এ মন্ত্রণালয়ের ০৮-০৪-২০১৯ তারিখের ৪১.০৩৫.০১৮. ০০০.০৩৬০.২০১১(অংশ-১)-২৫৯ নং স্মারকে উল্লিখিত জনাব রাজু আহমেদ, সহকারী পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, ময়মনসিংহ এর ক্ষেত্রে প্রযোজ্য অংশটুকু এতদ্বারা বাতিল করা হলো।

৩। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ জিয়াউল হক**
উপসচিব (প্রশাসন-২)।

**এনডিডি ও অটিজম অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৫ বৈশাখ ১৪২৬/২৮ এপ্রিল ২০১৯

**নং ৪১.০০.০০০০.০৩৪.০৪.০০১.১৮-১২৮**—পুনরাদেশ না দেয়া পর্যন্ত "বাংলাদেশ রিহ্যাবিলিটেশন কাউন্সিল আইন, ২০১৮" এর ৮(৪) ধারার বিধানমতে জনাব সৈয়দা সালমা জাফরীন, যুগ্মসচিব (প্রশাসন), সমাজকল্যাণ মন্ত্রণালয়কে তার নিজ দায়িত্বের অতিরিক্ত হিসেবে সাময়িকভাবে রেজিস্ট্রার, বাংলাদেশ রিহ্যাবিলিটেশন কাউন্সিল এর দায়িত্ব প্রদান করা হলো।

২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শবনম মুস্তারী রিক্তা**
উপসচিব।

---

**প্রশাসন-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৯ বৈশাখ ১৪২৬/০২ মে ২০১৯

**নং ৪১.০০.০০০০.০১৬.০০৪.৯৯.৮৪-৫৫৭**—সমাজকল্যাণ মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা, জনাব মোঃ আমির হোসেন এর জন্ম তারিখ ০৩-০৪-১৯৬০ অনুযায়ী আগামী ০২-০৪-২০১৯ তারিখ চাকরির বয়স ৫৯ বছর পূর্ণ হওয়ায় The Public Servants (Retirement) Act, 1974 এর Amendment Act, 2012 অনুচ্ছেদ-২ অনুযায়ী ০২-০৪-২০১৯ তারিখ হতে সরকারি চাকুরী হতে অবসর প্রদান করা হলো।

২। তাঁর অনুকূলে ১৮(আঠারো) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ ল্যাম্পগ্রান্টসহ ০৩-০৪-২০১৯ থেকে ০২-০৪-২০২০ তারিখ পর্যন্ত ১২(বার) মাসের অবসর উত্তর ছুটি (পিআরএল) মঞ্জুর করা হলো।

৩। তিনি বিধি অনুযায়ী অবসর এবং অবসর উত্তর ছুটিকালীন সুবিধাদি প্রাপ্য হবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**খাদিজা নাজনীন**
উপসচিব।

---

**শিক্ষা মন্ত্রণালয়**
**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**
**সরকারি কলেজ-৫ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৫ চৈত্র ১৪২৫/০৮ এপ্রিল ২০১৯

**নং ৩৭.০০.০০০০.০৮৫.১১.০০১.১৯-৯৯**—টাঙ্গাইল জেলার সখীপুর উপজেলাধীন সরকারি মুজিব কলেজের নিম্নবর্ণিত শিক্ষককে "জাতীয়করণকৃত কলেজ শিক্ষক ও অ-শিক্ষক কর্মচারী আত্মীকরণ বিধিমালা, ২০০০"-এর বিধি-০৩ এবং ০৫ এ বর্ণিত বিধান মোতাবেক জাতীয়করণের তারিখ (০৮-১০-২০১৫ খ্রি.) হতে তার নামের পার্শ্বে উল্লিখিত পদ ও বিষয়ে এডহক ভিত্তিতে নিয়োগ প্রদান করা হলো:

| ক্রমিক | নাম ও বর্তমান কর্মস্থল | পদবি | বিষয় |
|---|---|---|---|
| ০১ | মোহাম্মদ মজিবর রহমান, সরকারি মুজিব কলেজ, সখীপুর, টাঙ্গাইল। | প্রভাষক | ইংরেজী |

২। "জাতীয়করণকৃত কলেজ শিক্ষক ও অ-শিক্ষক কর্মচারী আত্মীকরণ বিধিমালা, ২০০০"-এর বিধি-৬ এ বর্ণিত বিধান মোতাবেক তার শারীরিক সুস্থতা ও প্রাক চরিত্র সম্পর্কে কর্তৃপক্ষের সন্তোষজনক রিপোর্ট এবং বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন এর সুপারিশের ভিত্তিতে পরবর্তীতে যথাযথ প্রক্রিয়ায় চাকরি নিয়মিত করা হবে।

৩। এ শিক্ষা প্রতিষ্ঠানে আত্তীকৃত শিক্ষকগণ অন্য কোন শিক্ষা প্রতিষ্ঠানে বদলি হতে পারবেন না।

৪। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ রাশেদুল ইসলাম**
উপসচিব।

---

**উন্নয়ন-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ৩০ ফাল্গুন ১৪২৫ বঙ্গাব্দ/১৪ মার্চ ২০১৯ খ্রিষ্টাব্দ

**নং ৩৭.০২.০০০০.০৮৩.১৫.০১৫.১৪-১১৪**—শিক্ষা মন্ত্রণালয়াধীন এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত ৩০ শে জুন ২০১৪ সালে সমাপ্ত "মাধ্যমিক শিক্ষাখাত উন্নয়ন প্রকল্পে নিয়োজিত নিম্নেবর্ণিত ০৭(সাত) জন কর্মকর্তাকে (প্রোগ্রামার-০৫, সহকারী প্রোগ্রামার-০২ জন) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এবং আঞ্চলিক শিক্ষা অফিস, চট্টগ্রাম এ রাজস্ব বাজেটে অস্থায়ীভাবে সৃষ্ট পদের বিপরীতে স্থানান্তরপূর্বক তাদের নামের পার্শ্বে বর্ণিত পদে নিজ বেতন ও বেতনক্রমে (জাতীয় বেতন স্কেল ২০১৫) এবং প্রকল্পে যোগদানের

তারিখ হতে আনুষাঙ্গিক সুবিধাসহ চাকুরীর ধারাবাহিকতা বজায় রেখে ১ লা জুলাই ২০১৪ তারিখ থেকে সাময়িকভাবে পদায়নে সরকারের সম্মতি জ্ঞাপন করা হলো:

| ক্রমিক নং | কর্মকর্তার নাম, বেতনক্রম ও প্রকল্পে যোগদানের তারিখ | পদবি | পদায়নকৃত কর্মস্থল |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১। | শরিফুল ইসলাম<br>৩৫৫০০-৬৭০১০/- (গ্রেড-৬)<br>১২-০৩-২০০৮ | প্রোগ্রামার | ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা |
| ২। | মোঃ মামুন সরোয়ার<br>৩৫৫০০-৬৭০১০/- (গ্রেড-৬)<br>১৯-০৩-২০০৮ | প্রোগ্রামার | ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা |
| ৩। | মোঃ সাইফুর রহমান<br>৩৫৫০০-৬৭০১০/- (গ্রেড-৬)<br>৩০-০৫-২০১৩ | প্রোগ্রামার | ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা |
| ৪। | মোঃ জহির উদ্দিন<br>৩৫৫০০-৬৭০১০/- (গ্রেড-৬)<br>০১-০৭-২০১৩ | প্রোগ্রামার | ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা |
| ৫। | তাপস কুমার সাহা<br>৩৫৫০০-৬৭০১০/- (গ্রেড-৬)<br>০৮-০৩-২০১২ | প্রোগ্রামার | উপপরিচালকের কার্যালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম |
| ৬। | মোঃ নজিব-উদ-দৌলা<br>২২০০০-৫৩০৬০/- (গ্রেড-৯)<br>০১-০৮-২০০৭ | সহকারী প্রোগ্রামার | ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা |
| ৭। | মামুন-আর-রশিদ<br>২২০০০-৫৩০৬০/- (গ্রেড-৯)<br>৩০-০৫-২০১৩ | সহকারী প্রোগ্রামার | ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা |

২। এ পদসমূহের ব্যয়ভার প্রধান কার্যালয় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ১২৫০২০১১০৮৭৬২ এবং আঞ্চলিক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অফিসসমূহের ১২৫০২০২০০০০০০ খাত হতে বেতন ভাতা ও আনুষংগিক বরাদ্দকৃত অর্থ হতে নির্বাহ করা হবে।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ প্রজ্ঞাপন জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নাসরীন মুক্তি**

উপসচিব।

---

**তথ্য মন্ত্রণালয়**

**টেলিভিশন-১ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ১৫ বৈশাখ ১৪২৬/২৮ এপ্রিল ২০১৯

**নং ১৫.০০.০০০০.০২৩.০১৯.০১.১৪-১৬৩**—পুনরাদেশ না দেয়া পর্যন্ত বাংলাদেশ টেলিভিশনের নিম্নবর্ণিত কর্মকর্তাকে তার নামের পার্শ্বে বর্ণিত কর্মস্থলে বদলি/পদায়ন করা হলো:

জনাব মোঃ রকিবুল ইসলাম, মুখ্য চিত্রগ্রাহক (বার্তা), বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম কেন্দ্র (বর্তমানে ঢাকা কেন্দ্রে সংযুক্ত ও মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ে দায়িত্ব পালনরত)—নিয়ন্ত্রক/মুখ্য চিত্রগ্রাহক (অনুষ্ঠান), ঢাকা কেন্দ্র, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

৩। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ১৯ বৈশাখ ১৪২৬/০২ মে ২০১৯

**নং ১৫.০০.০০০০.০২৩.০১৯.০১.১৪-১৬৬**—পুনরাদেশ না দেয়া পর্যন্ত বাংলাদেশ টেলিভিশনের নিম্নবর্ণিত কর্মকর্তাকে তার নামের পার্শ্বে বর্ণিত কর্মস্থলে বদলি/পদায়ন করা হলো:

জনাব মো: আবুল কালাম, চিত্রগ্রাহক (গ্রেড-২), বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম কেন্দ্র—বাংলাদেশ টেলিভিশন, ঢাকা কেন্দ্র।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

৩। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ ঈশান আলী রাজা বাঙালী**

উপসচিব।

---

**তথ্য মন্ত্রণালয়**

**প্রশাসন-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২০ চৈত্র ১৪২৫/০৩ এপ্রিল ২০১৯

**নং ১৫.০০.০০০০.০১৪.১৮.১০৯.১১.৫৬৫**—তথ্য মন্ত্রণালয়ের গত ০৬-০৪-২০১৭ তারিখের ১৫.০০.০০০০.০২৬.০১.০০৯.১৬.৭৭ নং অফিস আদেশ মোতাবেক ব্যক্তিগত কর্মকর্তা জনাব মোঃ সাইফুল ইসলাম কে বাংলাদেশ দূতাবাস ইসলামাবাদ-এর প্রেস উইংয়ে ব্যক্তিগত কর্মকর্তা পদে বদলিপূর্বক নিয়োগ প্রদান করা হয়। তথ্য মন্ত্রণালয়ের ২২-০৫-২০১৮ তারিখের ৯৮৭ নং অফিস আদেশ অনুযায়ী তিনি ২৯-০৫-২০১৮ তারিখ পূর্বাহ্নে তথ্য মন্ত্রণালয়ের দায়িত্ব হতে অব্যাহতি প্রাপ্তির পর যোগদানকালীন সময় ও ট্রানজিট অতিবাহিত করে ০৬-০৬-২০১৮ তারিখ পূর্বাহ্নে বাংলাদেশ দূতাবাস

ইসলামাবাদে যোগদান করেন। তার যোগদানপূর্ব পর্যন্ত মধ্যবর্তী সময়কাল নিম্নরূপভাবে নিয়মিত করা হলোঃ

| | | | |
|---|---|---|---|
| ১. | ৩০ মে ২০১৮ | : | ০১(এক) দিন ট্রানজিট (ঢাকা—করাচী—ইসলামাবাদ)। |
| ২. | ৩১ মে—০৫ জুন ২০১৮ | : | ০৬(ছয়) দিন যোগদানকালীন সময় ইসলামাবাদে অতিবাহিত। |
| ৩. | ০৬ জুন ২০১৮ | : | বাংলাদেশ দূতাবাস ইসলামাবাদে এর প্রেস উইংয়ে ব্যক্তিগত কর্মকর্তার দায়িত্ব গ্রহণ। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাঃ নায়েব আলী**
উপসচিব।

---

## বেতার-১ শাখা

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ২১ চৈত্র ১৪২৫/০৪ এপ্রিল ২০১৯

**নং ১৫.০০.০০০০.০২১.১৮.৯০৮.১৬-৬৭৯**—বিসিএস (তথ্য) ক্যাডারের কর্মকর্তা বাংলাদেশ বেতার, কুমিল্লার সহকারী বেতার প্রকৌশলী জনাব দেবাশীষ বসাক জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২০ মার্চ ২০১৮ তারিখের ০৫.০০.০০০০.১৪৭.৩৭.০০৭.১৮-৯০ নম্বর প্রজ্ঞাপনমূলে ৩৭তম বিসিএস পরীক্ষার মাধ্যমে বিসিএস (প্রশাসন) ক্যাডারে সহকারী কমিশনার পদে নিয়োগ লাভ করেছেন। উক্ত পদে যোগদানের জন্য তার আবেদনের প্রেক্ষিতে তাকে ০৬ এপ্রিল ২০১৯ তারিখ অপরাহ্নে বর্তমান পদ এবং কর্মস্থল থেকে অব্যাহতি প্রদান করা হলো।

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

তারিখ : ১১ বৈশাখ ১৪২৬/২৪ এপ্রিল ২০১৯

**নং ১৫.০০.০০০০.০২১.১৯.০০২.১৮-৬৯৬**—পুনরাদেশ না দেয়া পর্যন্ত বাংলাদেশ বেতারের প্রকৌশল বিভাগের নিম্নবর্ণিত কর্মকর্তাকে তার নামের পার্শ্বে বর্ণিত পদে এবং কেন্দ্র/ইউনিটে বদলি/পদায়ন করা হলোঃ

জনাব মোঃ আশীকুর রহমান, আবাসিক প্রকৌশলী, বাংলাদেশ বেতার, কবিরপুর, ঢাকা—অতিরিক্ত প্রধান প্রকৌশলী, কারিগরী কার্য, বাংলাদেশ বেতার, ঢাকা।

২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ১০ বৈশাখ ১৪২৬/২৩ এপ্রিল ২০১৯

**নং ১৫.০০.০০০০.০২১.১৯.০০২.১৮-৬৯৭**—পুনরাদেশ না দেয়া পর্যন্ত বাংলাদেশ বেতারের প্রকৌশল বিভাগের নিম্নবর্ণিত কর্মকর্তাকে তাদের নামের পার্শ্বে বর্ণিত পদে এবং কেন্দ্র/ইউনিটে বদলি/পদায়ন করা হলোঃ

(১) জনাব মোঃ হালিমুজ্জামান, স্টেশন প্রকৌশলী, কারিগরী কার্য, বাংলাদেশ বেতার, ঢাকা—স্টেশন প্রকৌশলী, উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-১, বাংলাদেশ বেতার, সাভার, ঢাকা।

(২) জনাব মোঃ সিরাজুর রহমান, স্টেশন প্রকৌশলী, উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-১, বাংলাদেশ বেতার, সাভার, ঢাকা—আঞ্চলিক প্রকৌশলী, আঞ্চলিক প্রকৌশলীর কার্যালয়, বাংলাদেশ বেতার, ঢাকা।

(৩) জনাব মোঃ শাহজাদা সেলিম, আঞ্চলিক/স্টেশন প্রকৌশলী, বাংলাদেশ বেতার ("জাতীয় বেতার ভবনে আধুনিক ও ডিজিটাল সম্প্রচার যন্ত্রপাতি স্থাপন (১ম সংশোধিত") শীর্ষক প্রকল্পের প্রকল্প পরিচালকের দায়িত্ব থেকে প্রত্যাহারকৃত)—স্টেশন প্রকৌশলী, ট্রান্সক্রিপশন সার্ভিস, বাংলাদেশ বেতার, ঢাকা।

২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ১১ বৈশাখ ১৪২৬/২৪ এপ্রিল ২০১৯

**নং ১৫.০০.০০০০.০২১.১৯.০০৩.১৪-৭০১**—পুনরাদেশ না দেয়া পর্যন্ত বাংলাদেশ বেতারের প্রকৌশল বিভাগের নিম্নবর্ণিত কর্মকর্তাকে তার নামের পার্শ্বে বর্ণিত পদে এবং কেন্দ্র/ইউনিটে বদলি/ পদায়ন করা হলোঃ

জনাব আবু তবিব মোঃ জিয়া হাসান, অতিরিক্ত প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার, কবিরপুর, ঢাকা—অতিরিক্ত প্রধান প্রকৌশলী, কারিগরী কার্য, বাংলাদেশ বেতার, ঢাকা।

২। এ আদেশ আগামী ৩০-০৪-২০১৯ তারিখ হতে কার্যকর হবে।

৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ ঈশান আলী রাজা বাঙালী**
উপসচিব।

---

**[একই নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত আদেশ]**

### প্রজ্ঞাপন

তারিখ : ১৫ বৈশাখ ১৪২৬/২৮ এপ্রিল ২০১৯

**নং ১৫.০০.০০০০.০২১.১৯.০০২.১৬-৭০৫**—বিসিএস (তথ্য) ক্যাডারভুক্ত কর্মকর্তা বাংলাদেশ বেতারের উপপরিচালক (অনুষ্ঠান) (পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রেষণ পদ হতে প্রত্যাগত) জনাব মোহাম্মদ মনিরুল ইসলাম কবীর কে প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ-এ সমপদে প্রেষণে বদলি/পদায়ন করা হলো।

২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ ঈশান আলী রাজা বাঙালী**
উপসচিব।

---

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ১৯ বৈশাখ ১৪২৬/০২ মে ২০১৯

**নং ১৫.০০.০০০০.০২১.১৮.৩৫১.১৮-৭০৮**—বিসিএস (তথ্য) ক্যাডারের কর্মকর্তা, জনাব মোঃ নাহিদ হোসেন, সহকারী পরিচালক (অনুষ্ঠান), বাংলাদেশ বেতার, রাজশাহী জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২০ মার্চ ২০১৮ তারিখের ০৫.০০.০০০০.১৪৭.৩৭.০০৭.১৮-৯০ নম্বর প্রজ্ঞাপনমূলে ৩৭তম বিসিএস এর মাধ্যমে বিসিএস (প্রশাসন) ক্যাডারে সহকারী কমিশনার পদে নিয়োগ লাভ করেছেন। উক্ত পদে যোগদানের জন্য তার আবেদনের প্রেক্ষিতে তাকে ০৬ এপ্রিল ২০১৯ তারিখ অপরাহ্নে বর্তমান পদ এবং কর্মস্থল থেকে অব্যাহতি প্রদান করা হলো।

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

**নং ১৫.০০.০০০০.০২১.১৯.০০১.১৬-৭০৭**—তথ্য মন্ত্রণালয়ের ২৮ এপ্রিল ২০১৯ তারিখের ১৫.০০.০০০০.০২১.১৯.০০১.১৬-৭০৪ সংখ্যক প্রজ্ঞাপনে জারিকৃত বাংলাদেশ বেতারের অনুষ্ঠান বিভাগের ০২ ও ০৩ নম্বর ক্রমিকে বর্ণিত কর্মকর্তাদের চলতি দায়িত্ব/বদলি/পদায়নের অংশটুকু এতদ্বারা বাতিল করা হলো।

২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ২২ বৈশাখ ১৪২৬/০৫ মে ২০১৯

**নং ১৫.০০.০০০০.০২১.১৮.৭১০.১২-৭০৯**—কারিগরী কার্য, বাংলাদেশ বেতার, ঢাকার অতিরিক্ত প্রধান প্রকৌশলী জনাব মোঃ আশীকুর রহমান এর জন্ম তারিখ ০১-০৫-১৯৬০ খ্রিঃ মোতাবেক ৩০-০৪-২০১৯ তারিখে তার বয়স ৫৯ বছর পূর্ণ হয়েছে। এমতাবস্থায়, গণকর্মচারী (অবসর) আইন ১৯৭৪ এর ৪ ধারা, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের প্রবিধি-১ শাখার ০৬ এপ্রিল ২০১০ তারিখের অম/অবি/প্রবি-১/চাঃবিঃ/৩/২০১০(অংশ-৩)/৬২ নম্বর প্রজ্ঞাপন এবং জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ১০(২)(ক) উপ-অনুচ্ছেদ অনুযায়ী তাকে ৩০-০৪-২০১৯ তারিখে সরকারি চাকরি হতে অবসর প্রদানকরতঃ তার অনুকূলে ০১-০৫-২০১৯ হতে ৩০-০৪-২০২০ তারিখ পর্যন্ত ০১(এক) বছর অবসোত্তর ছুটি (পিআরএল) মঞ্জুর করা হলো।

২। জনাব মোঃ আশীকুর রহমান এর অনুকূলে জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ১০(২)(খ) উপ-অনুচ্ছেদ মোতাবেক মুলবেতন ৭৪,৪০০/- টাকা হারে ১৮ মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ (৭৪,৪০০×১৮)=১৩,৩৯,২০০/- (তের লক্ষ উনচল্লিশ হাজার দুইশত) টাকা মাত্র লাম্পগ্র্যান্ট হিসেবে মঞ্জুর করা হলো।

৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ ঈশান আলী রাজা বাঙালী**
উপসচিব।

---

**জননিরাপত্তা বিভাগ**
**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**পুলিশ-১ অধিশাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ২৪ বৈশাখ ১৪২৬ বঙ্গাব্দ/০৭ মে ২০১৯ খ্রিষ্টাব্দ

**নং ৪৪.০০.০০০০.০৯৪.০৭.০০২.১৯.৭২৯**—কাজী ফরহাদ হোসেন, বিপি-৬০৮৪০৩৯১০৮, অতিরিক্ত বিশেষ পুলিশ সুপার, অপরাধ তদন্ত বিভাগ (সিআইডি), ঢাকাকে সরকারি কর্মচারী (অবসর) আইন, (১৯৭৪ সনের ১২ নং আইন) এর ৪ ধারা মতে ২৪-০৪-২০১৯ তারিখ থেকে সরকারি চাকরি হতে অবসর প্রদান করা হলো।

২। তাঁর অনুকূলে ১৮ (আঠারো) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ লাম্পগ্র্যান্টসহ ২৫-০৪-২০১৯ হতে ২৪-০৪-২০২০ তারিখ পর্যন্ত ১ (এক) বছরের অবসর ও অবসরোত্তর ছুটি (পি.আর.এল) মঞ্জুর করা হলো।

৩। তিনি বিধি অনুযায়ী অবসর ও অবসরোত্তর ছুটিকালীন সুবিধাদি প্রাপ্য হবেন।

নং **৪৪.০০.০০০০.০৯৪.০৭.০০২.১৯.৭৩০**—জনাব নিমাই চন্দ্র সরকার, বিপি-৬০৭৯০৬৬৮৮৮, সহকারী পুলিশ সুপার, বাংলাদেশ পুলিশ একাডেমী, সারদা, রাজশাহীকে সরকারি কর্মচারী (অবসর) আইন, (১৯৭৪ সনের ১২ নং আইন) এর ৪ ধারা মতে ৩০-০৬-২০১৯ তারিখ থেকে সরকারি চাকরি হতে অবসর প্রদান করা হলো।

২। তাঁর অনুকূলে ১৮ (আঠারো) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ লাম্পগ্র্যান্টসহ ০১-০৭-২০১৯ হতে ৩০-০৬-২০২০ তারিখ পর্যন্ত ১ (এক) বছরের অবসর ও অবসরোত্তর ছুটি (পি.আর.এল) মঞ্জুর করা হলো।

৩। তিনি বিধি অনুযায়ী অবসর ও অবসরোত্তর ছুটিকালীন সুবিধাদি প্রাপ্য হবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ধনঞ্জয় কুমার দাস**
উপসচিব।

---

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**স্বাস্থ্য সেবা বিভাগ**
**নির্মাণ অধিশাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ১৫ বৈশাখ ১৪২৬ বঙ্গাব্দ/২৮ এপ্রিল ২০১৯ খ্রিষ্টাব্দ

নং **৪৫.০০.০০০০.১৫৬.১১.০১৩.১৮.১৯০**—বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ২৮-১০-২০১৮ খ্রিঃ তারিখের ৮০.০০.০০০০.৩০১(গোপনীয়).১১.২২৫৮.১৮-১৮৮ সংখ্যক পত্রে সুপারিশকৃত নিম্নোক্ত ১ (এক) জন প্রার্থীকে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগাধীন স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরে "এস্টিমেটর (তড়িৎ)" (১০ম গ্রেড) পদে জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী টাকা ১৬০০০—৩৮৬৪০ বেতন স্কেলে (১০ম গ্রেডে) নিম্নে বর্ণিত শর্ত সাপেক্ষে নিয়োগ প্রদান করা হল :

| ক্রমিক নং | নাম | রেজিস্ট্রেশন নম্বর | জেলা |
|---|---|---|---|
| ১। | জনাব মোঃ মোখলেছুর রহমান | ০০০০২৮ | গাইবান্ধা |

**শর্তাদি :**

(১) নিয়োগপ্রাপ্ত সকল কর্মকর্তার জন্য সরকারী কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯ প্রযোজ্য হবে;

(২) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরুপ ক্ষেত্রে চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত ও ভবিষ্যতে প্রণীতব্য বিধি বিধান ও আদেশ অনুসারে তাঁর চাকরি নিয়ন্ত্রিত হবে;

(৩) সরকারি কর্মচারি (আচরণ) বিধিমালা, ১৯৭৯ এর ১৩ (১) উপ বিধি অনুযায়ী সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরে প্রেরণ করবেন;

(৪) যদি তিনি কোন বিদেশি নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অংগীকারাবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

(৫) চাকরিতে যোগদানকালে তাঁকে যোগদানের সাথে ৩০০ (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;

(৬) বর্ণিত কর্মকর্তা আগামী ০৮-০৫-২০১৯ খ্রিঃ তারিখে আবশ্যিকভাবে স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরে যোগদান করবেন; এবং

(৭) এ চাকরিতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণ ভাতা/ দৈনিক ভাতা প্রাপ্য হবেন না।

২। জনস্বার্থে এ নিয়োগ আদেশ জারি করা হলো।

নং **৪৫.০০.০০০০.১৫৬.১১.০৮০.১৮.১৯১**—বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ৩১-১০-২০১৮ খ্রিঃ তারিখের ৮০.০০.০০০০.৩০১(গোপনীয়).১১.২২৬৩.১৮-১৯৭ সংখ্যক পত্রে সুপারিশকৃত নিম্নোক্ত ১ (এক) জন প্রার্থীকে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগাধীন স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরে "সহকারী প্রকৌশলী (পুর)" (৯ম গ্রেড) পদে জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী টাকা ২২০০০—৫৩০৬০ বেতন স্কেলে (৯ম গ্রেডে) নিম্নে বর্ণিত শর্ত সাপেক্ষে নিয়োগ প্রদান করা হল :

| ক্রমিক নং | নাম | জেলা | রেজিস্ট্রেশন নম্বর |
|---|---|---|---|
| ১। | মোঃ মাহমুদুল হাসান শাওন | নারায়ণগঞ্জ | ০১৯৫৬ |

**শর্তাদি :**

(১) নিয়োগপ্রাপ্ত সকল কর্মকর্তার জন্য সরকারী কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯ প্রযোজ্য হবে;

(২) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরুপ ক্ষেত্রে চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত ও ভবিষ্যতে প্রণীতব্য বিধি বিধান ও আদেশ অনুসারে তাঁর চাকরি নিয়ন্ত্রিত হবে;

(৩) সরকারি কর্মচারি (আচরণ) বিধিমালা, ১৯৭৯ এর ১৩ (১) উপ বিধি অনুযায়ী সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরে প্রেরণ করবেন;

(৪) যদি তিনি কোন বিদেশি নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অংগীকারাবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

(৫) চাকরিতে যোগদানকালে তাঁকে যোগদানের সাথে ৩০০/-(তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;

(৬) কর্মকর্তা আগামী ০৮-০৫-২০১৯ খ্রিঃ তারিখে আবশ্যিকভাবে স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরে যোগদান করবেন; এবং

(৭) এ চাকরিতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণ ভাতা/ দৈনিক ভাতা প্রাপ্য হবেন না।

২। জনস্বার্থে এ নিয়োগ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুহাম্মদ শাহাদত খন্দকার**
উপসচিব।

**পার-১ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৩ এপ্রিল ২০১৯ খ্রিঃ

নং **৪৫.০০.০০০০.১৪৭.১৩.০০৫.১৯.১৯৭**—ডাঃ আবদুল আজিম (৩১৭৬৪), প্রাক্তন অধ্যাপক (চঃ দাঃ), ব্লাড ট্রান্সফিউশন, চট্টগ্রাম মেডিকেল কলেজ, চট্টগ্রাম-কে গণকর্মচারী (অবসর) আইন, ১৯৭৪ এর ৯(১) ধারা মোতাবেক ৩১-১২-২০০৯ খ্রিঃ তারিখ থেকে সরকারি চাকুরী হতে ভূতাপেক্ষিক অবসর প্রদান এবং তাঁর অনুকূলে ০১-০১-২০১০ খ্রিঃ হতে ৩১-১২-২০১০ খ্রিঃ তারিখ পর্যন্ত ১ (এক) বছরের অবসরোত্তর ছুটি (পি.আর.এল) এবং তাঁর অর্জিত ছুটির প্রাপ্যতা অনুযায়ী ১২ (বার) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ লাম্পগ্র্যান্ট মঞ্জুর করা হলো।

২। তিনি অর্থ বিভাগ হতে জারীকৃত নির্দেশনা অনুযায়ী লাম্পগ্র্যান্টসহ অবসর এবং অবসরোত্তর ছুটিকালীন সুবিধাদি প্রাপ্য হবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শামীমা নাসরীন**
উপসচিব।

---

**[ একই স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত হবে ]**
**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ, পরিকল্পনা-৩ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০২ এপ্রিল ২০১৯

নং **৪৬.০৯৫.০১৪.১৭.১৭.১২৫.১১৯-২০১৮.১০২**—জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের নিম্নোক্ত কর্মকর্তাকে পুনরাদেশ না দেয়া পর্যন্ত তাঁর নামের পার্শ্বে উল্লিখিত প্রকল্পের পূর্ণকালীন প্রকল্প পরিচালক হিসেবে নিয়োগ প্রদান করা হলো :

| কর্মকর্তার নাম, পদবি ও কর্মস্থল | পদায়নের স্থান ও পদ |
|---|---|
| জনাব মোঃ আব্দুল হালিম খান<br>নির্বাহী প্রকৌশলী<br>কার্যসূচী ও সমন্বয় বিভাগ<br>জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা। | কক্সবাজার জেলার উখিয়া ও টেকনাফ উপজেলায় পানি সরবরাহ ও স্যানিটেশন কার্যক্রমের জরুরি সহায়তা প্রকল্পের প্রকল্প পরিচালক পদে। |

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আজিজুল হক**
সিনিয়র সহকারী প্রধান।

---

**[ একই স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত হবে ]**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০২ এপ্রিল ২০১৯

নং **৪৬.০৯৫.০১৪.১৭.১৭.১২৫.১১২-২০১৭.১০৩**—জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের নিম্নোক্ত কর্মকর্তাকে পুনরাদেশ না দেয়া পর্যন্ত তাঁর নামের পার্শ্বে উল্লিখিত প্রকল্পের পূর্ণকালীন প্রকল্প পরিচালক হিসেবে নিয়োগ প্রদান করা হলো :

| কর্মকর্তার নাম, পদবি ও কর্মস্থল | পদায়নের স্থান ও পদ |
|---|---|
| জনাব মোহাম্মদ রওশন আলম নির্বাহী প্রকৌশলী (সংস্থাপন) জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা। | চা বাগান কর্মীদের জন্য নিরাপদ সুপেয় পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্পের প্রকল্প পরিচালক পদে। |

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আজিজুল হক**
সিনিয়র সহকারী প্রধান।

---

**[ একই স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত হবে ]**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০২ এপ্রিল ২০১৯

নং **৪৬.০৯৫.০১৪.১৭.১৭.১২৫.১৩০-২০১৮.১০৪**—জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের নিম্নোক্ত কর্মকর্তাকে পুনরাদেশ না দেয়া পর্যন্ত তাঁর নামের পার্শ্বে উল্লিখিত প্রকল্পের পূর্ণকালীন প্রকল্প পরিচালক হিসেবে নিয়োগ প্রদান করা হলো :

| কর্মকর্তার নাম, পদবি ও কর্মস্থল | পদায়নের স্থান ও পদ |
|---|---|
| জনাব মোহাম্মদ আব্দুল কাইউম<br>নির্বাহী প্রকৌশলী<br>আর্সেনিক ব্যবস্থাপনা বিভাগ<br>জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা। | জরুরি ভিত্তিতে রোহিঙ্গা সংকট মোকাবিলায় মাল্টি সেক্টর (ডিপিএইচ'ই অংশ) প্রকল্পের প্রকল্প পরিচালক । |

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আজিজুল হক**
সিনিয়র সহকারী প্রধান।

**পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ**
**প্রশাসন অধিশাখা-০২**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২২ বৈশাখ ১৪২৬ বঙ্গাব্দ/০৫ মে ২০১৯ খ্রিষ্টাব্দ

নং **৪৭.০৩২.০১৯.৬১.০১.০৪৬.২০১৫-২১৬**—বিসিএস (সমবায়) ক্যাডারভুক্ত সমবায় অধিদপ্তরের নিম্নোক্ত যুগ্ম-নিবন্ধককে পুনরাদেশ না দেয়া পর্যন্ত তাঁর নামের পার্শ্বে বর্ণিত পদ ও কর্মস্থলে নির্দেশক্রমে বদলি/পদায়ন করা হলো :

১। জনাব শামীম রেজা, যুগ্ম-নিবন্ধক, প্রেষণে উপ-মহাব্যবস্থাপক (যুগ্ম-নিবন্ধক), বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ, ঢাকা—যুগ্ম-নিবন্ধক, সমবায় অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফারহানা হক**
উপসচিব (সমবায়, প্রশাসন)।

---

**স্থানীয় সরকার বিভাগ**
**পাস-১ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৩ বৈশাখ ১৪২৬/০৬ মে ২০১৯

নং **স্থাসবি/পাস-১/কর্মকর্তা/ছাড়পত্র-০২/৯৯-৪৪৬**—শ্রী সাগরময় রায়, সহকারী প্রকৌশলী (নন-ক্যাডার), জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কাকরাইল, ঢাকা এর আবেদনের পরিপ্রেক্ষিতে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরে যোগদানের তারিখ (০৭-০৭-২০১৫) হতে চাকরিকাল গণনা ও বেতন সংরক্ষণপূর্বক বিসিএস (সড়ক ও জনপথ) ক্যাডারে সহকারী প্রকৌশলী (সিভিল) পদে যোগদানের লক্ষ্যে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের সহকারী প্রকৌশলী (নন-ক্যাডার) পদ হতে ০৬-০৪-২০১৯ খ্রিঃ তারিখ অপরাহ্নে অব্যাহতি প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ খাইরুল ইসলাম**
উপসচিব।

**[একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত]**
**শিক্ষা মন্ত্রণালয়**
**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**
**সরকারি কলেজ-৫ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৯ ফাল্গুন ১৪২৫/১৩ মার্চ ২০১৯

**নং ৩৭.০০.০০০০.০৮৫.১৫.০০১.১৯.৪৬**—বরগুনা জেলার বেতাগী উপজেলাধীন জাতীয়করণকৃত বেতাগী সরকারি কলেজের নিম্নবর্ণিত শিক্ষককে “জাতীয়করণকৃত কলেজ শিক্ষক ও অ-শিক্ষক কর্মচারী আত্মীকরণ বিধিমালা, ২০০০”-এর বিধি-০৩ এবং ০৫ এ বর্ণিত বিধান মোতাবেক পদ সৃষ্টির তারিখ (০৮-১০-২০১৫ খ্রি.) হতে তাঁর নামের পার্শ্বে উল্লেখিত পদ ও বিষয়ে এডহক ভিত্তিতে নিয়োগ প্রদান করা হলো :

| ক্রমিক নং | নাম ও বর্তমান কর্মস্থল | পদবি | বিষয় |
|---|---|---|---|
| ০১ | মোঃ আবু তালেব মিঞা বেতাগী সরকারি কলেজ, বেতাগী, বরগুনা। | প্রভাষক | ইংরেজি |

২। “জাতীয়করণকৃত কলেজ শিক্ষক ও অ-শিক্ষক কর্মচারী আত্মীকরণ বিধিমালা-২০০০” এর বিধি-৬ এ বর্ণিত বিধান মোতাবেক তার শারীরিক সুস্থতা ও প্রাক চরিত্র সম্পর্কে কর্তৃপক্ষের সন্তোষজনক রিপোর্ট এবং বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন এর সুপারিশের ভিত্তিতে পরবর্তীতে যথাযথ প্রক্রিয়ায় চাকরি নিয়মিত করা হবে।

৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ রাশেদুল ইসলাম**
উপসচিব।